গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-১

নং- ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১/ ৭৭ তারিখ-১৩ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ

অফিস স্মারক

বিষয় ঃ কূটনৈতিক পাসপোর্ট লাভের যোগ্য ব্যক্তিগণের তালিকা প্রসঙ্গে।

সূত্র ঃ (ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৫/৪/১৯৯০ তারিখের নং-স্বঃমঃ(বহি-১)/২/৮৯/১৭৯ নং স্মারক।
(খ) কূট-১/৯৭(বহি-১)/২০৬, তারিখ-১৬-৩-৯৯ ইং

সরকার এখন থেকে নিম্নোক্ত শ্রেণির ব্যক্তিগণকে কূটনৈতিক পাসপোর্ট দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

(I) (১) মহামান্য রাষ্ট্রপতি

(২) মাননীয় প্রধানমন্ত্রী

(৩) জাতীয় সংসদের মাননীয় স্পীকার

(৪) মাননীয় প্রধান বিচারপতি
মাননীয় প্রাক্তন রাষ্ট্রপতি (যদি তিনি পেনশনভোগী হন এবং অবসর জীবন যাপন করেন)

(৫) মন্ত্রিবর্গ/চীফ হুইপ/জাতীয় সংসদের ডেপুটি স্পীকার/জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা

(৬) মন্ত্রিসভার সদস্য নহেন কিন্তু মন্ত্রীর পদমর্যাদায় সরকারী দায়িত্বে নিযুক্ত ব্যক্তিবর্গ/ মেয়র, ঢাকা সিটি কর্পোরেশন

(৭) প্রধান নির্বাচন কমিশনার/জাতীয় সংসদের বিরোধী দলীয় উপ-নেতা/সুপ্রীমকোর্টের বিচারপতিগণ (আপিল বিভাগ)/ প্রতিমন্ত্রিবর্গ

(৮) নির্বাচন কমিশনার/সুপ্রীমকোর্টের বিচারপতি (হাইকোর্ট)/প্রতিমন্ত্রীর পদমর্যাদায় সরকারি দায়িত্বে নিযুক্ত ব্যক্তিবর্গ/মেয়র, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন

(৯) উপমন্ত্রিবর্গ

(১০) মন্ত্রিপরিষদ সচিব/ তিন প্রতিরক্ষা বাহিনীর প্রধান/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব

(১১) জাতীয় সংসদের সদস্যবৃন্দ

(১২) অ্যাটার্নি জেনারেল/মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

(১৩) চেয়ারম্যান, সরকারি কর্মকমিশন/চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ গভর্ণর, বাংলাদেশ ব্যাংক/পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ/সরকারের সচিবগণ/মহাপুলিশ পরিদর্শক/সেনাবাহিনীর 'মেজর জেনারেলগণ' এবং নৌ ও বিমান বাহিনীর সমপদমর্যাদার অফিসারগণ/ রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

(১৪) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর/সরকারের সচিব পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণ/বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্যগণ/বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সদস্যগণ

(১৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর

(১৬) মহাপরিচালক, বিজিবি, ঢাকা

(১৭) বিদেশে বাংলাদেশ মিশন ও উপ-মিশন প্রধানগণ

(১৮) বিসিএস (পররাষ্ট্র) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ(যখন পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে কর্মরত থাকেন)

(১৯) বাংলাদেশের দূতাবাস/উপ-দূতাবাসে প্রেষণে কূটনৈতিক দায়িত্বে নিয়োগকৃত প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তাসহ সকল সরকারি কর্মকর্তাবৃন্দ

(II) আন্তর্জাতিক ক্ষেত্রে নিম্নবর্ণিত পদসমূহে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ:

(১) জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতি

(২) আন্তর্জাতিক আদালতের বিচারক

(৩) জাতিসংঘের বিশেষ সংস্থাসমূহের (স্পেশিয়েলাইজড এজেন্সী) সভাপতি

(৪) 'আংকটাড', 'ইউনিডো' প্রভৃতির মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন জাতিসংঘ সাধারণ পরিষদের অধীনস্থ স্ব-শাসিত বা সহায়ক সংস্থাসমূহের এবং জাতিসংঘ কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থাসমূহের নির্বাহী প্রধান

(৫) বিশ্বব্যাংক/আই, এম, এফ এর সহ-সভাপতি

(৬) বিশ্বব্যাংক/আই, এম, এফ, এশিয়ান উন্নয়ন ব্যাংক প্রভৃতিতে বাংলাদেশের প্রতিনিধিত্বকারী/ পরিচালকবৃন্দ

(৭) জাতিসংঘের সচিবালয় এবং ইহার অধীনস্থ বিশেষ সংস্থাসমূহের সহকারী সাধারণ সম্পাদক এবং ইহার উর্ধ্বতন পদমর্যাদার কর্মকর্তাবৃন্দ

(৮) ওআইসি/কমনওয়েলথ সচিবালয়ের সাধারণ সম্পাদক, সহকারী সাধারণ সম্পাদক ও পরিচালকবৃন্দ

(৯) ইসলামিক উন্নয়ন ব্যাংকের নির্বাহী পরিচালক

(III) কূটনৈতিক পাসপোর্টধারী ব্যক্তি যে শর্তে পাসপোর্ট পাবেন একই শর্তে তাঁর স্ত্রী/স্বামী ;

(IV) বিদেশে বাংলাদেশ মিশন/উপমিশনে কর্মরত কূটনৈতিক পাসপোর্টধারীর ছেলে-মেয়ে তাঁহার সংগে সার্বক্ষণিকভাবে বসবাস করিলে ১৮ বৎসর পর্যন্ত বয়সের ছেলে এবং ২১ বৎসর পর্যন্ত বয়সের অবিবাহিত মেয়ে ।

(V) জনস্বার্থে বিশেষ ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর পূর্বানুমতি গ্রহণক্রমে পররাষ্ট্র মন্ত্রী যে কোন সরকারি কর্মকর্তা বা বাংলাদেশী নাগরিককে কূটনৈতিক পাসপোর্ট প্রদানের আদেশ দিতে পারবেন ।

২ । এতদ্‌সংক্রান্ত পূর্বের সকল আদেশ বাতিল বলে গণ্য হবে ।

(মোঃ সফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)
স্বরাষ্ট্র মন্ত্রণালয় ।

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা ।

নং- ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১/ ৭৭/১(৫০) তারিখ-১৩ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১ । মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা ।
২ । মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা ।
৩ । সচিব, মন্ত্রণালয়/ বিভাগ.......................................................(সকল) ।
৪ । সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়, ঢাকা ।
৫ । পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা ।
৬ । মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা ।
৭ । মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা ।
৮ । অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা ।

(মোহাম্মদ বরাদ হোসেন চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬৮৩২ ।
immi1.moha@gmail.com